

এমবিডি গ্রুপের ভিআর ও এআর কনটেন্ট

নিজস্ব সংবাদদাতা : ভারতের অগ্রণী এডুকেশন গ্রুপ, এমবিডি গ্রুপ আগামি জানুয়ারিতে অনুষ্ঠেয় আন্তর্জাতিক বইমেলায় ভি আই (ভার্চুয়াল রিয়েলিটি) ভিত্তিক কনটেন্ট ও ডিভাইস প্রদর্শন করবে। এ বিষয়ে এমবিডি গ্রুপের ম্যানেজিং ডিরেক্টর মোনিকা মালহোত্রা কুন্দহারি বলেন, শিক্ষার ক্ষেত্রে ভার্চুয়াল রিয়েলিটি (ভি আর) ও আগমেন্টেড রিয়েলিটি (এ আর) হল নতুন ভাবনা। ভারতের অগ্রণী এডুকেশন কোম্পানি হিসেবে এমবিডি গ্রুপ তাই এ বিষয়ে এই কনটেন্ট ও ডিভাইস প্রদর্শনের ব্যবস্থা করেছে। শিক্ষার্থীদের জন্য কম খরচে এমবিডি ব্র্যান্ডের এই ভি আর ডিভাইস সরবরাহ করা হবে বলে জানান তিনি। বলেন, সংস্থার এ আর ও ভি আর এডুকেশনাল কনটেন্ট পোর্টফোলিও-র উন্নয়ন ও সম্প্রসারণের জন্য পরবর্তী তিন থেকে পাঁচ বছরের মধ্যে এমবিডি ৫০ কোটি টাকা বিনিয়োগ করবে। তিনি আরও জানান, ইউ এস, ইউকে, সিঙ্গাপুর এবং চীনে এই প্রোডাক্টের বাজার ধরার জন্য এমবিডি প্রয়াস চালাবে।